**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/26/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল শরত সেমিস্টারের জন্য প্রস্তুত হতে, জরুরি নিরাপত্তা পরিকল্পনা তৈরি করতে কলেজ ক্যাম্পাসসমূহকে নির্দেশ প্রদান করলেন

***নিউ ইয়র্কের 200 টির বেশি কলেজ ও ইউনিভার্সিটির নেতৃবৃন্দের সাথে একটি কথোপকথনে গভর্নর ক্যাম্পাসের নিরাপত্তা প্রত্যাশার উপর জোর প্রদান করেন এবং নেতৃবৃন্দের কাছে উপলভ্য সংস্থানের উপর আলোকপাত করেন***

***সকল শিক্ষার্থী যাতে নিরাপদে ক্লাসে উপস্থিত হতে পারে তা নিশ্চিত করতে স্টেটের কর্মকর্তাগণ ক্যাম্পাসের জরুরি পরিকল্পনা পর্যালোচনা করবে***

***ক্যাম্পাসসমূহকে সহিংসতা, ঘৃণা ও হয়রানিমুক্ত রাখতে গভর্নরের পদক্ষেপের অনুবর্তী***

***ইভেন্টের ছবি এখানে উপলভ্য হবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে শরত সেমিস্টারে শিক্ষার্থীদের ক্যাম্পাসে ফেরত আসাকে সামনে রেখে জরুরি পরিকল্পনার গুরুত্ব জোরদার করতে নিউ ইয়র্ক স্টেটের 200টির বেশি কলেজ ও ইউনিভার্সিটির ক্যাম্পাসের নেতৃবৃন্দের সাথে এবং একই সাথে জননিরাপত্তা বিশেষজ্ঞদের দেখা করেছেন। ক্যাম্পাসে প্রতিবাদ এবং শিক্ষার্থীদের নিরাপত্তার ক্ষেত্রে সম্ভাব্য হুমকি পর্যবেক্ষণ ও সাড়াদান করার বর্ধিত প্রয়োজনের কারণে গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police, NYSP) এবং স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) প্রত্যাশা জোরদার করতে এবং ক্যাম্পাসের নেতৃবৃন্দকে প্রয়োজনীয় সংস্থানের সাথে সংযুক্ত করে দেওয়ার জন্য সাক্ষাৎ করেন।

"জননিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার, এবং যেহেতু ক্লাস পুনরায় শুরু হতে যাচ্ছে তাই সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ অনুভব করা এবং ক্ষতিমুক্ত থাকা অত্যাবশ্যকীয়," **গভর্নর হোকল বলেন।** "গত বসন্তকালে আমি কলেজ ক্যাম্পাসসমূহকে তাদের জরুরি সাড়াদান পরিকল্পনার পর্যালোচনা ও সংশোধন করার নির্দেশ দিয়েছিলাম, এবং যেহেতু শিক্ষাবর্ষ শুরু করার এই সময় উত্তেজনা অধিক হতে পারে তাই সকল ক্যাম্পাসের নেতৃবৃন্দ এবং জননিরাপত্তা কর্মকর্তার কাছে যাতে শিক্ষার্থীদের নিরাপদ রাখার জন্য প্রয়োজনীয় সংস্থান থাকে থা নিশ্চিত করা আমি অব্যাহত রাখবো।"

2024 সালের বসন্তকালে, স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ ক্যাম্পাসের জরুরি সাড়াদান পরিকল্পনার পর্যালোচনা করে এবং পুরো নিউ ইয়র্ক স্টেটের উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানগুলির সাথে একাধিক প্রশিক্ষণ অধিবেশন সম্পাদন করে। পুরো গ্রীষ্মকালজুড়ে নিউ ইয়র্ক স্টেট পুলিশ জরুরি পরিকল্পনা উন্নত করতে ক্যাম্পাসগুলির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছে, এবং স্কুল সম্প্রদায়সমূহকে সুরক্ষিত রাখার সার্বিক ব্যবস্থা কার্যকর রাখা নিশ্চিত করতে কলেজ ক্যাম্পাসসমূহের সাথে কাজ করার জন্য তারা প্রতিশ্রুতিবদ্ধ আছে।

এই প্রশিক্ষণ অধিবেশনগুলি মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের (U.S. Department of Education) সম্প্রতি প্রকাশিত ক্যাম্পাস পরিকল্পনা টুলকিটের (Campus Planning Toolkit) সাথে সামঞ্জস্যপূর্ণ এবং এর দ্বারা অবগত। এই টুলকিটটি আইন শৃঙ্খলা রক্ষাকারী, ইউনিভার্সিটির প্রশাসক এবং ক্যাম্পাসের নেতৃবৃন্দকে ক্যাম্পাসে শিক্ষার্থীর নিরাপত্তা ও নাগরিক স্বাধীনতা উভয় বজায় রাখার একটি পদ্ধতি প্রদান করে, যার কেন্দ্রে রয়েছে স্থিতিস্থাপক ক্যাম্পাস গঠন করা, সঙ্কটের সাড়াদানের পরিকল্পনা করা, একটি সঙ্কটের সময় এবং ব্যক্তিগত ও সম্প্রদায়ের পুনরুদ্ধারের সময় জড়িতকরণ বজায় রাখা।

আজকের কথোপকথন হলো ক্যাম্পাসে ঘৃণা, পক্ষপাত এবং ইহুদি-বিরোধিতা সমাধান করতে গভর্নর হোকলের সর্বশেষ পদক্ষেপ। গত বছর তিনি নিউ ইয়র্কের সকল কলেজ ও ইউনিভার্সিটির কাছে একটি চিঠি লিখেছিলেন, যেখানে হয়রানি ও বৈষম্যমুক্তি একটি শিক্ষার পরিবেশ প্রদান করার জন্য নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইন (New York State's human rights law) এবং ফেডারেল নাগরিক অধিকার আইনের (Civil Rights Act) টাইটেল VI এর অধীনে তাদের কর্তব্যকে পুনরায় স্মরণ করিয়ে দেওয়া হয়। একটি কংগ্রেশনাল শুনানির পর চিঠিটি প্রেরণ করা হয় যেখানে একাধিক ইউনিভার্সিটির প্রেসিডেন্ট স্পষ্টভাবে এবং দ্ব্যর্থহীনভাবে কলেজ ক্যাম্পাসে ইহুদি-বিরোধিতা এবং গণহত্যার আহ্বানের নিন্দা করতে ব্যর্থ হন।

**হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশন (Division of Homeland Security and Emergency Services, DHSES)**

DHSES ক্যাম্পাসসমূহকে সংশোধিত জরুরি সাড়াদান পরিকল্পনা (Emergency Response Plans, ERPs) এবং সেই সাথে তাদের জরুরি কর্মপরিকল্পনা (Emergency Action Plans, EAPs) ব্যবহার করার, এবং 2024 শরত সেমিস্টারের পূর্বে তাদের প্রটোকল ভালোভাবে বুঝে নেওয়ার পরামর্শ প্রদান করছে। DHSES এর অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ ইউনিট (Domestic Terrorism Prevention Unit, DTPU) এছাড়াও বেসরকারি কলেজ ও ইউনিভার্সিটিতে ঝুঁকি, হুমকি এবং আচরণগত মূল্যায়ন সম্পাদন করার, এবং ক্যাম্পাসের জন্য একটি ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরি করতে একটিরে কাজ করার জন্য কোনো হুমকি মূল্যায়ন এবং ব্যবস্থাপনা (Threat Assessment and Management) দল বা সমতুল মাল্টিডিসিপ্লিনারি দল রয়েছে কিনা তা যাচাই করতে জরিপ করার জন্য স্বাধীন কলেজ ও ইউনিভার্সিটি কমিশনের (Commission on Independent Colleges, CICU) সাথে অংশীদারিত্ব করেছে। এছাড়াও নিজেদের দল তৈরি বা উন্নত করতে সহায়তা পেতে ইচ্ছুক স্কুলগুলিকে সনাক্ত ও তাদের সাথে সহযোগিতা করতে ইউনিটটি স্বাধীন কলেজ ও ইউনিভার্সিটি কমিশনের সাথে অংশীদারিত্ব করেছে।

এছাড়াও DTPU সম্প্রতি SUNY সিস্টেমের বহু কলেজ ও ইউনিভার্সিটিকে হুমকি মূল্যায়ন প্রতিবেদনের (Threat Evaluation Reporting) প্রশিক্ষণ প্রদান করেছে, এবং কলেজ ও ইউনিভার্সিটিতে হুমকি মূল্যায়ন ও ব্যবস্থাপনা দল গঠনকে সমর্থন করতে তারা নতুন কর্মী নিয়োগ শুরু করবে।

**নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police, NYSP)**
2024 শরত মৌসুমে সম্ভাব্য সমস্যায় ও প্রতিবাদের আশঙ্কায় NYSP ট্রুপ কমান্ডারদেরকে শরত সেমিস্টার শুরু হওয়ার পূর্বে উদ্বেগের কারণ রয়েছে এমন ক্যাম্পাসে কলেজ প্রশাসনের সাথে দেখা করতে নির্দেশ দিয়েছে। প্রতিবাদের ঘটনায় কলেজের অবস্থান ও পদক্ষেপের পরিকল্পনা সম্পর্কে আলোচনা করা এবং কলেজের সহায়তার প্রত্যাশা সম্পর্কে অন্তর্দৃষ্টি সংগ্রহ করার ব্যাপারে ট্রুপ কমান্ডারদের নির্দেশ প্রদান করা হয়েছে।

**নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিন্টেনডেন্ট স্টিভেন জি জেমস বলেন,** "সকল নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা ও সুরক্ষা আমাদের শীর্ষ অগ্রাধিকার হয়ে আছে এবং আমাদের সম্প্রদায়ের মধ্যে ঘৃণা অপরাধ, সহিংসতা ও হয়রানিমূলক কর্মকাণ্ডের অপরাধ করা কোনো ব্যক্তির প্রতি আমাদের কোনো সহনশীলতা থাকবে না। নিজেদের শিক্ষার স্থানে কোনো শিক্ষার্থীর নিজেকে দুর্বল মনে করতে হওয়া উচিত না, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী আমাদের অংশীদারদের সাথে একত্রে আমরা এটি নিশ্চিত করতে কাজ করছি যাতে সকল ব্যাকগ্রাউন্ডের মানুষ কলেজ ক্যাম্পাসে সুরক্ষিত থাকতে পারে। জননিরাপত্তার প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য এবং সকল নিউ ইয়র্কবাসীর সুস্থতাকে সর্বাগ্রে রাখতে সংস্থান উপলভ্য রাখা নিশ্চিত করার জন্য আমি তার প্রশংসা করছি।"

**নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন,** "SUNY তে নিরাপত্তা অপরিহার্য এবং আমাদের ক্যাম্পাসগুলিতে সুরক্ষা, নাগরিক আলোচনা, অন্তর্ভুক্তি নিশ্চিত করতে আমরা অত্যন্ত প্রতিশ্রুতিবদ্ধ ছিলাম এবং আছি। ইহুদি-বিরোধিতা, ইসলামভীতি, এবং যেকোনো ধরণের ঘৃণা ও ধর্মান্ধতাকে প্রত্যাখ্যান করতে আমরা গভর্নর হোকলের পাশে আছি।"

**নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York, CUNY) চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ বলেন,** "প্রত্যেক শিক্ষার্থী যাতে নিরাপদ, মূল্যবান এবং সকল ধরণের সহিংসতা, হয়রানি এবং বৈষম্যমুক্ত পরিবেশে ক্লাসে অংশগ্রহণ করার তাদের অধিকার সম্পর্কে নিশ্চিত বোধ করতে এমন একটি পরিবেশ প্রদান করার জন্য CUNY গভর্নর হোকলের পরামর্শ নিয়ে কাজ করছে। CUNY এর 25টি ক্যাম্পাসের প্রতিটিতে একটি ফলপ্রসূ নতুন শিক্ষাবর্ষ শুরু করতে আমরা উৎসুক, এবং নিউ ইয়র্ক স্টেটে প্রত্যেক কলেজ শিক্ষার্থীর নিরাপত্তা ও সুস্থতাকে অগ্রাধিকার প্রদান করার ক্ষেত্রে গভর্নরের নেতৃত্বের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

**CICU এর প্রেসিডেন্ট লোলা ডব্লিউ ব্রাবহ্যাম বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের স্বাধীন কলেজ ও ইউনিভার্সিটিগুলি আসন্ন শিক্ষাবর্ষে স্বতন্ত্র শিক্ষার্থী ও ক্যাম্পাসের নিরাপত্তাকে প্রধান অগ্রাধিকার করা নিশ্চিত করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে। গভর্নর হোকল যে নিউ ইয়র্কের উচ্চতর

শিক্ষা সম্প্রদায়ের সাথে একটি বলীয়ান অংশীদারিত্ব তৈরি করেছেন এবং ক্রমশ আরো জটিল হতে থাকা একটি প্রেক্ষাপটে শিক্ষার্থী ও ক্যাম্পাসসমূহকে সুরক্ষিত রাখতে সক্রিয় আছেন তা আমাদের সৌভাগ্য। আমাদের সদস্য প্রতিষ্ঠানসমূহের জন্য নিরাপত্তা সর্বদা শীর্ষে রয়েছে, এবং গভর্নরের নেতৃত্বের ফলে স্বাধীন খাতটি আমাদের বৈচিত্র্যময় ক্যাম্পাস সম্প্রদায়সমূহের বিবর্তনশীল চাহিদা পূরণ এবং অনুষদ, কর্মী এবং শিক্ষার্থীদের অবগত নিরাপত্তা সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা প্রদান করা অব্যাহত রাখতে পারবে।"

**প্রাইভেট কলেজ অ্যাসোসিয়েশনের (Association of Private Colleges, APC) প্রেসিডেন্ট ডোনা স্টেলিং গার্নেট বলেন,** "এই শরত মৌসুমে শিক্ষার্থী ও অনুষদ যখন ক্যাম্পাসে ফেরত আসবে তখন ক্যাম্পাসের নিরাপত্তা অত্যাবশ্যকীয়।ক্যাম্পাসসমূহকে ঘৃণা ও সহিংসতামুক্ত রাখতে APC ও আমাদের সদস্য প্রতিষ্ঠানগুলি গভর্নর হোকল, DHSES, এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সাথে কাজ করবে। পরিকল্পনায় অংশগ্রহণ করার সুযোগকে আমরা স্বাগত জানাচ্ছি এবং শিক্ষার্থী, কর্মী, এবং অনুষদকে নিরাপদ রাখতে স্টেটের নেতৃত্বের প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন